


## পর্যটন খাতে সহযোগিতা বাড়াবে বাংলাদেশ-উজবেকিস্তান

- A Monitor Desk Report

Date: 02 November, 2024



ঢাকা: উজবেকিস্তানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মোহাম্মদ মনিরুল ইসলাম শনিবার (২ নভেম্বর) বুখারা রিজিয়নের গভর্নর, জারিপত বটির কমিলোভিচের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এ সময় ডেপুটি গভর্নর আসডোভ রিজো রাউপোভিচ এবং গভর্নর অফিসের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে বাংলাদেশ-উজবেকিস্তানের মধ্যে বাণিজ্য বৃদ্ধি এবং পর্যটন খাত সম্প্রসারণে কার্যকরী ও ফলপ্রসূ অবদান রাখতে পারে বলে রাষ্ট্রদূত মন্তব্য করেন।

ঐতিহাসিক সিল্ক রোডের অন্যতম কেন্দ্রস্থল বুখারায় ইমাম বুখারী জন্মভূমি, বাহাউদ্দিন নাক্সবন্দির সমাধিস্থল ও অন্যান্য গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক স্থাপনাসমূহ বাংলাদেশের পর্যটকদের জন্য যেমন আকর্ষণীয়, তেমনি কক্সবাজার সমুদ্র সৈকত, সুন্দরবন এবং শাহজালাল (রহ:) এর মাজার উজবেকিস্তানের ভ্রমণ পিপাসুদের আকৃষ্ট করতে পারে বলেও উল্লেখ করেন তিনি।

দুই দেশের বর্তমান অর্থনৈতিক সহযোগিতার বিষয়ে উল্লেখ করে বাংলাদেশ থেকে তৈরি পোশাক, পাট ও পাটজাত পণ্য ও ওষুধ আমদানি করতে বুখারার ব্যবসায়ী নেতাদের উৎসাহিত করতে রাষ্ট্রদূত গভর্নরকে অনুরোধ করেন।

দুই দেশের জনগণের মধ্যকার বিরাজমান বন্ধুত্বপূর্ণ এই সম্পর্ককে আরও দৃঢ় ও গভীর করতে তিনি বুখারার সঙ্গে বাংলাদেশের একটি শহরের মধ্যে 'সিস্টার সিটি' বিষয়ক সহযোগিতা স্মারক করার ওপর জোর দেন।

এছাড়াও বুখারায় তৈরি পোশাক, কার্পেট ও ওষুধ সেক্টরের ব্যবসায়ী নেতাদের সঙ্গে বৈঠক করে বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের বিভিন্ন কৌশল ও পদক্ষেপ নিয়ে মত বিনিময় করেন রাষ্ট্রদূত ড. ইসলাম।

